

# কাবা একটি প্রতীক- পথনির্দেশনা!

একটি বিশাল উঠান এবং তার মাঝখানে একটি ঘর। বেশি কিছু না! আপনি হঠাৎ কেঁপে উঠলেন! আশ্চর্য, বিস্ময়! একটি খালি ঘর আর এটাই  সব কিছু। আমাদের বিশ্বাস, আমাদের ভালবাসা, আমাদের আনুষ্ঠানিক প্রার্থনা, আমাদের জীবন এবং আমাদের মৃত্যুর কিবলা কি শুধু এটিই?  অন্ধকার, রুক্ষ পাথরের স্তূপ একে অপরের উপর রাখা, ফাঁকা জায়গাগুলি অসম এবং অনভিজ্ঞভাবে চূণে ভরা, আর কিছুই নয়!

হঠাৎ আপনার মধ্যে একটি সন্দেহ ভাব আসলো। এটা কোথায়? আমি কোথায় এসেছি? আমি একটি প্রাসাদ বা একটি শৈল্পিক স্থাপত্য বা একটি উপসনালয়ের সৌন্দর্য উপলব্ধি করতে পারি। আমি উচ্চ, মার্জিত, শৈল্পিক ছাদের নীচে একটি পবিত্র মহিমা এবং আধ্যাত্মিক নীরবতা বুঝতে পারি। আমি সহজেই উপলব্ধি করতে পারি যে কোন মহান ব্যক্তি, বীর প্রতিভা, নবী কিংবা নেতা সমাধিস্থল।

কিন্তু এটি কোন স্থাপত্য, কোন শিল্প, কোন সৌন্দর্য, কোন শিলালিপি, কোন টালি, কোন প্লাস্টার-ছাঁচ, এমনকি কোন নবীর সমাধিস্থল? কোন ইমাম বা কোন বিশিষ্ট ব্যক্তির কবর নেই আমি যাকে স্মরণ করতে পারি। দেখতে আসা যাতে এক পবিত্র আমি একটি বিন্দু, একটি রূপ, একটি বাস্তবতা, একটি বস্তু অনুভব করতে পারি। এখানে কিছুই নেই। এখানে কেউ নেই।

হঠাৎ আপনি অনুভব করলেন এখানে কেউ নেই এটাই হয়তো ভালো! হঠাৎ আপনি অনুভব করলেন কাবা একটি ছাদ, একটি ছাদ যেখান থেকে উপরে উঠতে হয়। কাবাকে পিছনে ফেলে মহাকাশে ডানা খুলতে হয়। আর তখনেই আপনি  অনুভব করলেন এক অপূর্ব পূর্ণতা! অনুভব করলেন অনন্তকাল- যা আপনি আপনার বিচ্ছিন্ন জীবনে কখনও অনুভব করেননি, যা আপনি আপনার আপেক্ষিকতার জগতে খুঁজে পাচ্ছেন না, যা আপনি অনুভব করতে পারবেন না। এখনে আপনি কেবল দার্শনিক দৃষ্টিতে বিচার করতে পারেন,  শুধু দেখতে পারেন: পরমতা, অনন্তকাল!

কত ভালো যে এখানে কেউ নেই। কতই না ভালো যে কাবা ঘর খালি। আপনি ধীরে ধীরে বুঝতে পারেন আপনি কোন মাজার দেখতে আসেননি। আপনি হজ্ব করেছেন। এটি আপনার চূড়ান্ত গন্তব্য নয়।

কাবা একটি প্রতীক মাত্র, এটি কেবল পথনির্দেশ। এটা শুধুমাত্র দিক দেখায় যেন আপনি এই বস্তু-জীবনে হারিয়ে না যান।

আপনি হজ্ব করেছেন। আপনি সংকল্প করেছেন, পরম সত্যের উপর সংকল্প করেছেন, অনন্তকালের দিকে, অনন্ত গতির দিকে যাচ্ছেন।

*সূত্রঃ "Hajj: Reflection on its Rituals" - Ali Shariati / ভাবানুবাদঃ মাসুদ আলী*